R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No:—WB/MSD—4

*Our Bricks are made of soil*
*Your dreams are made of our toil*
NIRMA
"Piyal Kunja"
Kamal Kumari Devi Sarani
Haridasnagar
P. O. Raghunathganj
Dist. Murshidabad
Phone : Office 28 Resi : 161

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
স্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৩৬শ বর্ষ
১২শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৭ই শ্রাবণ বুধবার, ১৩৯৬ সাল।
২রা আগষ্ট, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## লোকসভার প্রার্থী নির্ব্বাচন নিয়ে কংগ্রেসে অন্তর্কলহ

রাজনৈতিক সংবাদদাতা : বর্তমানে লোকসভার নির্বাচনের দিন যত এগিয়ে আসছে কংগ্রেসে গোষ্ঠী কলহ তত তীব্র হচ্ছে। জঙ্গিপুরের বিধায়ক হাবিবুর রহমানের নিজস্ব শক্ত ঘাঁটি রঘুনাথগঞ্জ ২নং ব্লকের ভাঙ্গনে তিনি নাজেহাল হয়ে পড়েছেন। সেকেন্দ্রা, খেজুরতলা, মিঠিপুর, তেঘরী থেকে বিপুল সংখ্যক কংগ্রেস কর্মী লিখিত বিবৃতি প্রকাশ করে সি পি এমে যোগ দিয়ে তাঁর ব্যর্থতা ফাঁস করে দিয়েছেন। সেই ব্যর্থতাকে ঢাকা দিতে তিনি সি পি এমের অত্যাচারের ধূয়া তুলে মহকুমা শাসকের অফিসের সামনে অবস্থান করে অবস্থা আয়ত্বে আনতে চেষ্টা করেন। কিন্তু মহকুমা নেতৃত্বের অক্ষমতা বা তাঁদের গোষ্ঠীদ্বন্দ্বকে আর চাপা দিয়ে রাখা যাচ্ছে না। জানা যায় বিধানসভার বিরোধী দলনেতা আবদুস সাত্তারও তাঁর নিজের জেলা মুর্শিদাবাদে গোষ্ঠীদ্বন্দ্বে বিব্রত হয়ে পড়েছেন। মহকুমার বিশিষ্ট কংগ্রেস নেতা মঃ সোহরাবের প্রভাব খর্ব করতে স্থানীয় কয়েকজন পুরোনো নেতা বহরমপুরের রঞ্জন ভট্টাচার্যকে নিয়ে উঠে প'ড়ে নেমে পড়েছেন। সাত্তার সাহেবের অনুগত মহল থেকে হাবিবুর রহমানকে জঙ্গিপুর কেন্দ্রে প্রার্থী দেবার কথা ভাবা হচ্ছে। সোহরাবও চুপ করে বসে নেই। তবে জেলার অধিকাংশ নেতার ধারণা মোঃ সোহরাবকে প্রার্থী দেওয়ার অর্থই (শেষ পৃষ্ঠায়)

## পঞ্চায়েত সমিতির সভাপতির বিরুদ্ধে অনাস্থা

আহিরণ : সুতি ১নং ব্লক পঞ্চায়েত সমিতির সভাপতির বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা হয় ২৬ জুলাই। আর এস পি, বিক্ষুব্ধ সি পি এম এবং কংগ্রেসের ভোটে অনাস্থা প্রস্তাব পাশ হয়। এই পরিপ্রেক্ষিতে ২৯ জুলাই আর এস পি-র সহসভাপতিকে সভাপতির কাজ চালানোর দায়িত্ব দেওয়া হয়। মোট ২৬ জন সদস্যের এই (শেষ পৃষ্ঠায়)

## খেলাধুলাতেও সি পি এম রাজনীতির অনুপ্রবেশ

রঘুনাথগঞ্জ : আগামী ৩ সেপ্টেম্বর থেকে এখানে অনুষ্ঠিত হবে আন্তঃ জেলা জুনিয়ার ফুটবল প্রতিযোগিতা। এতে মালদা, নদীয়া, চন্দননগর, মেদিনীপুর, পঃ দিনাজপুর, জলপাইগুড়ি, ২৪ পরগণা ও দার্জিলিং জেলা যোগ দেবেন বলে জানা যায়। তবে মজার ব্যাপার ফাইন্যাল এখান থেকে সরিয়ে বহরমপুরে অনুষ্ঠিত হচ্ছে। সেই উপলক্ষে গত ১৫ জুলাই মহকুমা শাসকের দপ্তরে তাঁর সভাপতিত্বে ৬৫ জনের একটি কমিটি গঠন করা হয়। কমিটিতে এক্সিকিউটিভ বডিতে ১৯ জন, রিসেপশন কমিটিতে ১৭ জন ও গ্রাউণ্ড কমিটিতে ২৯ জনকে নেওয়া হয়েছে। এ ব্যাপারে শহরের বিভিন্ন মহলের ক্ষোভের সংবাদ আমাদের দপ্তরে আসছে। অভিযোগ, শহরের অনেক যোগ্য প্রাক্তন ক্রীড়াবিদ ও সংগঠকদের উপেক্ষা করে স্থানীয় সি পি এম এর প্রভাবশালী মহল ও মহকুমা স্কুল স্পোর্টস এ্যাসোসিয়েশনের কয়েকজন তাঁদের পছন্দমত লোকদের নিয়ে কমিটি গড়েছেন। এই মাথাভারী কমিটিতে প্রাক্তন খেলোয়াড়ের সংখ্যা নাকি নগণ্য। এক্সিকিউটিভ কমিটিতে প্রাক্তন জেলাস্তরের খেলোয়াড় একজন। রিসেপশন কমিটিতে জেলাস্তরের কোন প্রাক্তন খেলোয়াড় নেই। গ্রাউণ্ড কমিটিতে জেলাস্তরের প্রাক্তন খেলোয়াড় চারজন। এ ব্যাপারে কমিটির জনৈক সভ্যের বক্তব্য 'শহরের প্রতি ক্লাব থেকে প্রতিনিধি নিয়েই এই কমিটি গঠিত হয়েছে।' তাঁকে প্রশ্ন করা হয়—শহর বা শহরতলীর যে সমস্ত সক্রিয় যোগ্য প্রাক্তন খেলোয়াড় বর্তমানে কোন ক্লাবের সঙ্গে যুক্ত নন তাঁদের অভিজ্ঞতাকে এই কাজে কেন নেওয়া হল না? উত্তরে তিনি অকপটে স্বীকার করলেন—'বুঝতেই তো পারছেন, সবই পার্টির সুতোর টান। সবই আগে থেকে তৈরী করা। মিটিং শুধু ফর্মালিটি।' জঙ্গীপুর ব্যারেজ রিক্রিয়েসন ক্লাবের অভিযোগ—শহরের প্রায় সব অফিসের ছোট বড় মাঝারি আমলাদের নাম কমিটিতে থাকলেও জঙ্গীপুর ব্যারেজের কোন এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ারের নাম নেই, অথচ চাঁদা তোলার সময় টাকার কোটা বেঁধে তাঁদের কাছে রসিদ বই পাঠাতে কেউ দ্বিধা করেননি। (শেষ পৃষ্ঠায়)

## গোষ্ঠী উন্নয়ন করতে গিয়ে বস্তি উন্নয়ন বাধা পেল

রঘুনাথগঞ্জ : স্থানীয় পুরবোর্ডের নানা দুর্নীতি-মূলক কাজ, স্বজনপোষণ, গোষ্ঠীতোষণ এবং স্বউদরপূর্তির ঘটনা আমরা একাধিকবার জঙ্গিপুর সংবাদ-এ প্রকাশ করেছি। বর্তমান প্রসঙ্গ—এ বছর বস্তি উন্নয়নের সরকারী সাহায্যের টাকা মঞ্জুর হয়ে এলো না। কারণ গত বছরের ১৩ লক্ষ টাকা ওই খাতে ব্যয় হলেও তার ইউটিলিজেশন সার্টিফিকেট পুরসভা এখনও দিতে না পারায় ঐ টাকা মঞ্জুর হলো না।

## জমি বা বাস্তুভিটার খাজনা আছে কি ?

রঘুনাথগঞ্জ : বর্তমানে আগের দিনের মত আর তহশিলদারদের খাজনা আদায় করতে দেখা যায় না। ফলে সাধারণ মানুষ, চাষী সকলেই ধরে নিয়েছেন জমি বা বাস্তুভিটার খাজনা সরকার থেকে মকুব হয়ে গিয়েছে। কিন্তু একথা ঠিক নয়, এটুকু জানাবার জন্য নোটিশ জারিও হয় না আজকাল। তহশিলদারকে খবর দিলেও তিনি খাজনা আদায় করতে আসেন না বলে (শেষ পৃষ্ঠায়)

**পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা**
**চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।**
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৭ই শ্রাবণ বুধবার ১৩৯৬ সাল

## চাই স্বাস্থ্য, চাই বল, আনন্দ উজ্জ্বল পরমায়ু

কবির মানসে একটি সুস্থসবল সমাজের রূপ ভাসিয়া উঠায় কবি উদাত্ত কণ্ঠে ঘোষণা করিয়াছিলেন—সুস্থ সবল সমাজ গড়িয়া তুলতে "চাই স্বাস্থ্য, চাই বল, আনন্দ উজ্জ্বল পরমায়ু"। তাহারই দিকে লক্ষ্য রাখিয়া স্বাধীনোত্তর যুগে সরকার একটি পূর্ণ দপ্তরের ভার দান করিয়া নিযুক্ত করিলেন স্বাস্থ্য-মন্ত্রীকে। গঠন করিলেন সম্পূর্ণ ক্ষমতা দিয়া স্বাস্থ্য দপ্তরের। বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ হইয়া আসিতেছে বৎসরের পর বৎসর। গ্রাম্য স্বাস্থ্যকেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্র মহকুমা ও সদরে জেলা হাসপাতাল নির্মিত হইল। প্রতিটি মহকুমা ও জেলা হাসপাতালকে আধুনিক সাজসরঞ্জামে সজ্জিত করাই শুধু হইল না, সেখানে বিশেষ বিশেষ বিষয়ে শিক্ষাপ্রাপ্ত বিশারদ চিকিৎসকের পদ সৃষ্টি করিয়া চিকিৎসক আনয়নের ব্যবস্থা করা হইল। কিন্তু পরিতাপের বিষয় তথাপি হাসপাতালগুলির কার্যকলাপ জনমনকে আকৃষ্ট করিতে সক্ষম হইতেছে না। হাসপাতালের অব্যবস্থা বর্তমানে নিত্যনৈমিত্তিক সংবাদ হইয়া দাঁড়াইয়াছে। তদুপরি সকলেই সন্দেহ করে হাসপাতালগুলি অসামাজিক ক্রিয়াকলাপের মুক্তাঞ্চল। রোগীর প্রতি অবহেলার অভিযোগ প্রায়ই শুনিতে পাওয়া যায়। এমন কি রোগীদের ও তাহাদের উদ্বিগ্ন আত্মীয় স্বজনদের সাথেও অমানবিক ব্যবহারের অভিযোগও শোনা যায়। মুমূর্ষু রোগীকে সঠিকভাবে দেখাশোনা না করার ফলে তাহার মৃত্যু ঘটিয়াছে এমন অভিযোগও সংবাদপত্রের পৃষ্ঠা প্রায়ই কলুষিত করিতেছে। এই সব অভিযোগকে কেন্দ্র করিয়া প্রায়শই দাঙ্গা হাঙ্গামাও ঘটিয়া থাকে। এমন সংবাদও পাওয়া গিয়াছে যে হাসপাতালের অভ্যন্তরেই রোগিণীর শ্লীলতাহানির চেষ্টা হইয়াছে। সর্বক্ষেত্রেই যে এ সমস্ত অভিযোগ অসত্য তাহা নহে, হয়তো অতিরঞ্জিত হইতে পারে। কিন্তু চিকিৎসক ও সেবাব্রতিদের বিরুদ্ধে এরূপ অভিযোগ কেন? তাঁহারা কি একেবারেই ধোয়া তুলসী পাতা আর যত দোষ বিক্ষুব্ধ জনগণের। দোষ একতরফা কখনই হইতে পারে না। এর কারণ অনুসন্ধান করিলে দেখা যাইবে হাসপাতাল কর্মীদের ও চিকিৎসকদের ব্যবহারে কতকগুলি ত্রুটি রহিয়াছে যাহা হাসপাতালের বিরুদ্ধে জনমনে বিক্ষোভ সৃষ্টি করিতেছে। প্রথমতঃ সকল রোগীই আশা করে মানবিক ব্যবহার এবং বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত চিকিৎসকদের কাছে সুচিকিৎসা পাইতে। কিন্তু হাসপাতালে কোন কঠিন রোগে আক্রান্ত রোগীরা প্রায়শই দালাল দ্বারা প্ররোচিত হয় চিকিৎসকের প্রাইভেট চেম্বারে পরীক্ষিত হইবার। হয়তো তখনকার মত রোগী বাধ্য হয় দালালদের প্রস্তাব মানিয়া লইয়া ভিজিটের পয়সা গুণিয়া দিতে। কিন্তু ইহাতে তাহার মনে চিরস্থায়ী ক্ষতের সৃষ্টি করে এবং সেই বিক্ষোভ ধীরে ধীরে জনমনে সঞ্চারিত হইয়া চিকিৎসক তথা হাসপাতালের উপর মানুষকে বিক্ষুব্ধ করিয়া তোলে। তদুপরি বর্তমানে দেখিতে পাওয়া যাইতেছে সমস্ত চিকিৎসকই ব্যক্তিগত চেম্বারে যত্ন করিয়া রোগী দেখেন, কিন্তু সেই রোগীই পূর্বে তাঁহার নিকটে গেলে ততটা যত্ন নেন না। এই সব ছাড়াও হাসপাতালের সান্নিকটে প্রায়ই গাড়িয়া উঠা নার্সিংহোমগুলিতেও সরকারী ডাক্তারদের ব্যবসায়িক যোগাযোগ থাকায়, সেই সব নার্সিংহোমে চিকিৎসা লাভের প্রলোভনও বিভিন্ন ব্যক্তি মারফৎ রোগী বা রোগীর আত্মীয়স্বজনকে দেওয়া হয়। সেক্ষেত্রে সেই সব দালালরাই প্রচার করিতে থাকে হাসপাতালে এক্সরে বা অন্যান্য আধুনিক যন্ত্রপাতি সঠিকভাবে কাজ করে না। সেক্ষেত্রে নার্সিংহোমে চিকিৎসা করানোই ভাল। এই সব প্রলোভনে সাধারণ মানুষ বিভ্রান্ত হইবেই। ফল হইতেছে যাহাদের একেবারে সামর্থ্য নাই তাহারাই হাসপাতালে যাইতেছেন! কিন্তু সঠিক চিকিৎসার সুযোগ, এমন কি মানবিক ব্যবহারও পাইতেছেন না। তদুপরি হাসপাতালে যে খাদ্য দেওয়া হয় তাহাও মানুষের অযোগ্য বলিয়া বেশ কয়েকটি হাসপাতালে প্রমাণিত হইয়াছে। রাজ্য মুখ্যস্বাস্থ্য অধিকর্তা জঙ্গিপুর হাসপাতালে আসিলে এই অভিযোগ তুলিয়া ধরা হইয়াছিল। তিনি উত্তর দেন—চাল, গম ইত্যাদি সরবরাহ করে ফুড কর্পোরেশন। তাঁহারা খারাপ দ্রব্য দিলে তাঁহার করণীয় কিছুই নাই। এই বক্তব্যের মধ্যে যে ভাব নিহিত রহিয়াছে তাহা হইতেছে মূল অভিযোগকে সুকৌশলে এড়াইয়া যাওয়া। তিনি আরোও বলিয়াছেন দৈনিক রোগী পিছু যে টাকা বরাদ্দ আছে তাহাতে ভাল পথ্য দেওয়া সম্ভব নহে। তাঁহার বক্তব্য শুনিয়া একটি প্রবাদ বাক্য স্মরণে আসে—"ভিক্ষার চাল কাঁড়া বা আকাঁড়া"। আশ্চর্য্য গণতন্ত্রের পীঠস্থান বলিয়া আমরা গর্ব করি। আর সেই ভারতবর্ষেই জনগণের সেবায় বা চিকিৎসার এই যদি নমুনা হয় এবং কর্তৃপক্ষের বক্তব্য যদি এইরূপ হয় তাহা হইলে দরিদ্র বিপন্ন রোগীরা কাহার নিকট অভিযোগ লইয়া দাঁড়াইবে।

### রাস্তা মেরামতের টাকা পকেটে পোরার অভিযোগ

আহিরণঃ ফতুল্লাপুর গ্রামে রাস্তা নির্মাণের কাজ শুরু হয় গত ১১ জুলাই থেকে। এই কাজের ভার পান পঞ্চায়েত সদস্য পূর্ণচন্দ্র সিংহ। গ্রামবাসীদের অভিযোগ, শ্রীসিংহ রাস্তায় যতজন মজদুর লাগিয়েছেন তার থেকে বেশি মজদুর কাগজে পত্রে দেখিয়ে সেই টাকা পকেটে পুরেছেন। এই নিয়ে মজদুরদের সাথে তাঁর মন কষাকষি হয় বলে খবর। মজদুরদের টাকা পয়সা নিয়ে গোলমাল বাধার ফলে এই খবর প্রকাশ হয়ে পড়ে। গ্রামবাসীরা জানান, রাস্তার কাজ শেষ হয়ে গেছে, রিপোর্টও করা হয়েছে কিন্তু কাজের কাজ কিছুই হয়নি।

### বোমা বাঁধতে গিয়ে মৃত্যু

রঘুনাথগঞ্জঃ ২৩ জুলাই ভোর রাত্রে এই থানার রাণীনগরের গিয়াসুদ্দিন সেখ বোমা ফেটে ঘটনাস্থলে মারা যায়। তার দু'জন সঙ্গীর মধ্যে কাওসার সেখকে আহত অবস্থায় জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করা হয়। অন্যজন গা ঢাকা দেয়। বোমা বাঁধতে গিয়ে এই বিপত্তি বলে পুলিশ জানায়। কাওসারকে গ্রেপ্তার করা হয়েছে।

### গৃহবধূ হত্যা

বাণীপুরঃ গত ২১ জুলাই সন্ধ্যারাত্রে রঘুনাথগঞ্জ থানার বাণীপুর কাঁকুরিয়া নতুন পল্লীর গৃহবধূ মেহেরুন বিবি খুন হন। গ্রামবাসীদের অভিযোগ—প্রায় তাঁর স্বামী শাশুড়ী ও শ্বশুরবাড়ীর অন্যান্যরা তাঁর উপর অত্যাচার চালাতো। মৃতার গলায় আঙ্গুলের দাগ দেখে পুলিশের সন্দেহ তাঁকে গলা টিপে হত্যা করা হয়েছে। মৃতার শাশুড়ীকে পুলিশ গ্রেপ্তার করে! স্বামী ও অন্যান্যরা ফেরার।

### এম পিদের পদত্যাগ সমর্থনে পথসভা

ফরাক্কাঃ গত ২৪ জুলাই সি পি এম এর ডাকে সি এ জি রিপোর্টের পরিপ্রেক্ষিতে এম পিদের পদত্যাগ সমর্থনে স্থানীয় পোষ্ট আফস মোড়ে এক পথসভা অনুষ্ঠিত হয়। এই সভায় বিধায়ক আবুল হাসনাৎ ছাড়াও কয়েকজন নেতা বক্তব্য রাখেন। তাঁরা এম পিদের এই পদত্যাগকে ঐতিহাসিক আখ্যা দিয়ে যে পরিস্থিতিতে তাঁরা পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছেন তাঁর ব্যাখ্যা করেন এবং রাজীব সরকারের পদত্যাগের দাবী করেন। সমাবেশ চলে বৈকাল ৫-৩০ মিঃ থেকে রাত্রি ৭টা পর্যন্ত।

### সুকি-সাগরদীঘি রাস্তার দুরবস্থা

সাগরদীঘিঃ সুকি থেকে সাগরদীঘি বাসষ্ট্যাণ্ড পর্যন্ত রাস্তাটির অবস্থা দেখে মনে হয় না যে এ রাস্তা দেখভালের জন্য অনেক টাকা বেতনের বেশ কিছু কর্মচারী আছেন। এই রাস্তার সন্তোষপুর ও চন্দনবাটির মধ্যে একটি ছোট ব্রীজের পাথর পিচ চটে গিয়ে বড় বড় ফাঁক দেখা দিয়েছে এবং যে কোন মুহূর্তে বাস লরী দুর্ঘটনায় পড়তে পারে বলে গ্রামবাসীরা জানান। তাঁরা বলেন পূর্ত বিভাগের এখনই এ সবের ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

## ডাকাত সন্দেহে ৪জন গ্রেপ্তার

ধুলিয়ান: গত ১৯ জুলাই রাত্রি ১০টা নাগাদ কাঞ্চনতলা স্কুলের ক্যাম্পাসে ৪ জনকে সন্দেহজনকভাবে ঘোরাফেরা করতে দেখে পুলিশ ওদের আটক করে। দেহ তল্লাসীতে ওদের কাছ থেকে ২টি পাইপগান, ৫ রাউণ্ড রাইফেলের গুলি ও ১টি ভোজালী উদ্ধার করা হয়। তাদের থানায় নিয়ে এসে জিজ্ঞাসাবাদ করলে জানা যায়, ওরা মুঙ্গের এবং ভাগলপুরের লোক। ডাকাতি করানোর উদ্দেশ্যে দাহু নামে জনৈক ব্যক্তি তাদের এখানে আসতে বলে। তাদের কথামত অনুসন্ধান করেও দাহুর কোন খবর পুলিশ পায়নি। উমেশ চৌধুরী, মুক্তি রজক, শঙ্কর মণ্ডল ও বিনয় মণ্ডল নামে ওই চারজনকে পুলিশ গ্রেপ্তার করে ও কোর্টে চালান দেয়। ওই দিনই রাত্রে ধুলিয়ানের সেন্টু হোটেলের মালিককেও পুলিশ গ্রেপ্তার করে। অবশ্য গ্রেপ্তারের কারণ কিছু জানা যায়নি।

## ভারতীয় জনতা পার্টির মহিলা সম্মেলন

ফরাক্কা: গত ১৫ এবং ১৬ জুলাই ভারতীয় জনতা পার্টির মহিলা সেলের ডাকে এক মহিলা কন্ভেনশন অনুষ্ঠিত হয়। সম্মেলনের দায়িত্বে ছিলেন দলের সক্রিয় নেতা ষষ্ঠীচরণ ঘোষ ও স্থানীয় দলের যুব মোর্চার কর্মীবৃন্দ। কোয়ার্টার নং ই ই/২৪ হলে মহিলা প্রতিনিধিদের ঘরোয়া সভা হয় ১৫ জুলাই। এই সভায় আগামী নির্বাচনে দলের কার্য্যাবলী ও বর্তমানে কংগ্রেসী ও বাম দুর্নীতি নিয়ে আলোচনা চলে। ১৬ জুলাই পোষ্ট অফিস মোড়ে প্রকাশ্য সম্মেলনে উপস্থিত ছিলেন জয়শ্রী মুখার্জী, শান্তি রায়, তপন শিকদার, অরুণ ভদ্র, প্রণব মুখার্জী প্রমুখ নেতারা।

## এনফোর্সমেণ্ট হানায় ব্যবসায়ী বিব্রত

ফরাক্কা: গত ২৪ জুলাই স্থানীয় সাহা ব্রাদার্সে এনফোর্সমেণ্ট বিভাগের একটি দল অতর্কিতে হানা দেয়। খবর তাঁরা তাঁদের গাড়ীটি নিউ ফরাক্কা ষ্টেশনের কাছে রেখে বেলা ১১টা নাগাদ একে একে দোকানে প্রবেশ করে খাতাপত্র দেখতে শুরু করেন। পরে তাঁরা সাহা ব্রাদার্সের ৪টি গুদামও সার্চ করেন। বেআইনী কিছু না পেয়ে তাঁরা চলে যান বলে খবর।

## পঞ্চায়েতের বরাদ্দ সিংহভাগ সাদিকপুরের

আহিরণ: সাদিকপুর গ্রাম পঞ্চায়েতের জন্য সরকার যে অর্থ মঞ্জুর করেছেন তার সিকি ভাগই সাদিকপুর গ্রামেই খরচের সিদ্ধান্ত নেন পঞ্চায়েত সভাপতি ও গ্রাম পঞ্চায়েত প্রধান। তাঁরা দুজনেই সাদিকপুর গ্রামের মানুষ বলেই এই সিদ্ধান্ত নিয়েছেন বলে পঞ্চায়েতের অধীন অন্যান্য গ্রামবাসীরা অভিযোগ করেন। তাঁরা বলেন, এইভাবেই গোষ্ঠিতন্ত্র চাগিয়ে উঠছে পঞ্চায়েতগুলিতে। তাঁদের দাবী সমস্ত গ্রামগুলির প্রয়োজন খতিয়ে দেখে তারপর টাকা খরচের সঠিক সিদ্ধান্ত নেওয়া যুক্তিযুক্ত।


### এ্যামব্যাসাডর বিক্রয়

Tip Top Show room condition mark 4 Private Ambassador car বিক্রয় আছে। যোগাযোগ করুন —

বৈদ্যনাথ দাস, বোম্বে ষ্টোর্স
সিউড়ী, বীরভূম ॥ ফোন ৪৬৫
অথবা
খোকনকুমার পাল/স্বপনকুমার পাল ( মিয়াপুর রেশন দোকান )
রঘুনাথগঞ্জ, মিয়াপুর


## হারাইয়াছে

আমাদের হেফাজত হতে কমার্সিয়াল সেলস্ ট্যাক্স বেঙ্গল পারমিট নং এম—২৮০৬৬০ তাং ২৪-৩-৮৮ হারিয়ে গেছে। গত ২২-৫-৮৮ হতে উক্ত পারমিটের কোন হদিশ পাওয়া যাচ্ছে না। এ সম্বন্ধে গত ২৬-৭-৮৯ সুতি থানায় ৭৬৩ নং ডাইরী করানো হয়েছে।

তাং ২৬-৭-৮৯

**অনিল দাস**
ডাইরেকটার
প্রিন্টার্স এণ্ড মার্চেন্টস্ (প্রাঃ) লিঃ
অরঙ্গাবাদ

# বিশেষ-বার্ত্তা

বর্ত্তমান বছরে অধিকাংশ স্থানেই পাট দেরীতে বোনার ফলে দুবার চাপান সার প্রয়োগে অসুবিধা দেখা দিতে পারে। সেক্ষেত্রে প্রতি লিটার জলে ২০ গ্রাম ইউরিয়া মিশ্রণ তৈরী করে একর প্রতি ২৫০ লিটার মিশ্রণ পাতায় প্রয়োগ করুন। বিশেষ পাট উৎপাদনভুক্ত ব্লকগুলিতে বিনামূল্যে ইউরিয়া স্প্রে ও চাপান হিসাবে প্রয়োগের জন্য ব্যবস্থা করা হয়েছে।

কিছু কিছু এলাকায় পাটের জমিতে ঘোড়া পোকা, শুঁয়োপোকা ও কেডী পোকার আক্রমণের লক্ষণ দেখা যাচ্ছে। পাটচাষী ভাইরা পোকার আক্রমণের প্রতি বিশেষ দৃষ্টি রাখুন এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

প্রতিটি ব্লকে ক্ষুদ্র ও প্রান্তিক চাষী ভাইদের জন্য বিভিন্ন মেয়াদী উচ্চ ফলনশীল জাতের ধানের ৬ কেজি সংশোধিত বীজের মিনিকিট বিতরণ করা হচ্ছে। আপনার ধানের বীজ বদলের সুযোগ নিন।

উচ্চ ফলনশীল আমন ধানের বীজতলায় ১৫ই জুলাই এর মধ্যে ফেলা শেষ করুন।

বিঃ দ্রঃ— বিশদ বিবরণের জন্য স্থানীয় কৃষিকর্মচারীর সাথে যোগাযোগ করুন।

মুখ্য কৃষি আধিকারিক, মুর্শিদাবাদ কর্তৃক প্রচারিত।

# বিজ্ঞপ্তি

**মুর্শিদাবাদ শহরাঞ্চলস্থিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পুষ্টি প্রকল্পের জন্য পাউরুটি সরবরাহের 'দরপত্র' গ্রহণের বিজ্ঞপ্তি:**

মুর্শিদাবাদ জেলা পরিদর্শক ( প্রাথমিক শিক্ষা ), মুর্শিদাবাদ অধীনের পৌর এলাকায় অবস্থিত কেবলমাত্র ১১ ( এগার ) চক্রে প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীদের আহারের নিমিত্ত মোট ৪৫০ গ্রাম ওজনের ( ৭৫ গ্রাম ৬টি সমান খণ্ডে বিভক্ত ) রুটি সরবরাহ করার জন্য প্রতিটি বেকারী সমূহের নিকট হতে গালা মোহর করা খামে 'দরপত্র' আহ্বান করা হচ্ছে।

আগ্রহী ব্যক্তিবর্গ ৯-৮-৮৯ তারিখ পর্য্যন্ত নিম্ন-স্বাক্ষরকারীর অফিসে ( শনিবার বাদে অন্য সমস্ত কাজের দিন ) বেলা ১২টা থেকে ৪টা পর্য্যন্ত বিশদ নিয়মাবলী ও দরপত্রের নির্দ্ধারিত ফর্মের জন্য যোগাযোগ করতে পারেন।

'দরপত্র' জমা দেওয়ার শেষ তারিখ ১০-৮-৮৯ বেলা ২-০০ পর্যন্ত। ঐ দিনই বেলা ৩-০০ ঘটিকায় সংশ্লিষ্ট বেকারীদের উপস্থিতিতে 'দরপত্র' খোলা হবে। সর্বনিম্ন দরপত্র গ্রহণে এই অফিস বাধ্য নাও থাকতে পারে। প্রয়োজনে কোন কারণ না দেখিয়ে যে কোন বা সকল 'দরপত্র' অগ্রাহ্য করিবার অধিকার নিম্ন-স্বাক্ষরকারীর রহিল।

**সুদর্শন বিশ্বাস**
জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক শিক্ষা) মুর্শিদাবাদ

## পারিবারিক কলহের জের বধূহত্যা

জঙ্গিপুর : ২ আগষ্ট দুপুরে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের সেকেন্দ্রা নামোপাড়ার অসিত দাস তাঁর স্ত্রী মৌসুমীকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে সাংঘাতিকভাবে জখম করেন। হাসপাতালে নিয়ে যাওয়ার পথে তাঁর মৃত্যু হয়। খবর, ঐ দিন দুপুরে খাওয়া দাওয়ার আগে পারিবারিক কলহে উত্তেজিত হয়ে অসিত তাঁর স্ত্রীকে হাঁসুয়া দিয়ে একাধিক আঘাত করেন। বর্তমানে অসিত ও তাঁর মা ফেরার। গ্রামবাসী সূত্রে জানা যায়, অসিতের বাবাও নাকি তাঁর প্রথমা স্ত্রীকে রাগের মাথায় হাঁসুয়া দিয়ে খুন করে অপরাধ চাপা দিয়ে দ্বিতীয় বিবাহ করেন।

## কংগ্রেসে অন্তর্কলহ

( ১ম পৃষ্ঠার পর )

হলো আসনটি হারানো। অন্যদিকে সাগরদীঘি, খড়গ্রাম ও নবগ্রামের নেতৃবৃন্দ আলি হোসেনকে এই কেন্দ্রে দাঁড় করানোর চেষ্টা করছেন। রাজনৈতিক মহল মনে করেন এই অবস্থা চলতে থাকলে জেলার লোকসভা নির্বাচনে শুধু নয় বিধানসভা নির্বাচনেও কংগ্রেসের ভরাডুবি অবশ্যম্ভাবী। এবং তা সি পি এম বা বামফ্রন্টের বিরোধীতায় যতটা না ততটা নিজেদের অন্তর্কলহের ফলে।

## সভাপতির বিরুদ্ধে অনাস্থা

( ১ম পৃষ্ঠার পর )

এই সমিতিতে এস এস এ আর এস পির একজন, এস পি সি পি এমের একজন, কংগ্রেস—৫, আর এস পি ৬, সি পি এম—৭, এবং প্রধান —৬। তার মধ্যে সি পি এম এম পি লোকসভা থেকে পদত্যাগ করায় ও সুরপুর পঞ্চায়েত প্রধানকে নিয়ে হাই-কোর্ট মামলা চলায় তাঁদের ভোটদানের অধিকার নেই। ফলে ১ ভোটে অনাস্থা পাশ হয়ে যায়। আর এস পি বিধায়ক শীষ মহম্মদের বিরুদ্ধে বিশ্বাসঘাতকতার অভিযোগ তুলে সি পি এম ২৬ জুলাই এক ধিক্কার মিছিল বার করে ও শীষ মহম্মদের পদত্যাগ দাবী করে। ঐ মিছিল পরিচালনা করেন সি পি এম নেতা মৃগাঙ্ক ভট্টাচার্য্য।

## খাজনা আছে কি?

( ১ম পৃষ্ঠার পর )

স্থানীয় মানুষ জানান। কারণ অনুসন্ধানে জানা যায় তহশিলদার এখন বেতনভুক্ত কর্মচারী, কমিশনভোগী নন, সেজন্যই খাজনা আদায়ে তাঁর কোন গরজ নেই। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, এই অবস্থা যে শুধু রঘুনাথগঞ্জেই সীমাবদ্ধ তা নয়, সমগ্র মহকুমাতেই চলেছে এই একই রেওয়াজ। ফলে ভবিষ্যতে খাজনার দায়ে সার্টিফিকেট জারী হয়ে জমি বা বাস্তুভিটা নিলাম জটিলতা সৃষ্টি করতে পারে। মহকুমা প্রশাসন এ ব্যাপারে কোন ব্যবস্থা নেবেন কি না এটাই জনগণের প্রশ্ন।

## রাজনীতির অনুপ্রবেশ

( ১ম পৃষ্ঠার পর )

শহরের এক তরুণ রাজনৈতিক নেতার মতে এটি খেলাধুলায় কৌশলে সি পি এম-এর অনুপ্রবেশ। পার্টির অনুগতদের নিয়ে তৈরী হয়েছে একটি আমলা-কেন্দ্রীক কমিটি। তা না হলে শহরে ফুটবলের বড় টুর্নামেন্ট পরিচালনা করার অভিজ্ঞতা যাঁর সব থেকে বেশী সেই সুশান্ত পাণ্ডেকে কৌশলে সরিয়ে তাঁর ক্লাব থেকে নেওয়া হয়েছে সি পি এম-এর এক যুব নেতাকে। কারণ সুশান্তবাবু আর এস পি-র কর্মী। আবার এ অঞ্চলের অন্যতম নামী ক্লাব মির্জাপুর নবভারত স্পোর্টিং ক্লাবের করুণাময় দাস বাদ গেছেন কংগ্রেসের ছাপ থাকায়। এই নেতা মনে করেন বর্তমানে সি পি এম-এর গুড বুকে নাম না থাকায় তাদেরই প্রাক্তন কর্মী বিশ্ববিদ্যালয় ব্লু ও প্রাক্তন খেলোয়াড় বাবলু ব্রহ্মর স্থান এই কমিটিতে হয়নি। তাঁর মতে খেলার উন্নতির নামে এটি সি পি এম-এর রাজনৈতিক ভ্রষ্টাচার যা সার্বিকভাবে জঙ্গিপুরের খেলাধুলার পক্ষে ক্ষতিকর।

## নকশালদের ডাকে জেলা বন্ধে পরিবহণ বিপর্যয়

রঘুনাথগঞ্জ : গত ২৮ জুলাই নকশাল পন্থাদের দ্বিতীয় কেন্দ্রীয় কমিটির ডাকা জেলা বন্ধে পরিবহণ ব্যবস্থা বিপর্যস্ত হয়। বহরমপুর ও কান্দীতে দোকানপাট প্রায় বন্ধ ছিল। প্রাইভেট বাস একটিও চলেনি, তবে সরকারী বাস বন্ধ ছিল না। উল্লেখ্য, প্রতিবারের মত চারু মজুমদারের ১৮তম মৃত্যুবার্ষিকী স্মরণে নকশালরা শহীদ দিবসের ডাক দেয় ২৮ জুলাই।

## নাবালিকাকে ধর্ষণের চেষ্টা

ফরাক্কা : গত ২৪ জুলাই রাত্রি ৮টা নাগাদ স্থানীয় সিনেমা হলের সামনে থেকে চারজন মত্ত যুবক একটি নাবালিকাকে জোর করে পাশের মাঠে তুলে নিয়ে গিয়ে ধর্ষণের চেষ্টা করে। মেয়েটি চিৎকার চেঁচামেচি করে পালিয়ে এসে পুলিশকে তিন যুবকের নাম জানায়। বর্তমানে চারজন যুবকই পলাতক।

## জেল ফেরৎ দুষ্কৃতকারীসহ তিনজন গ্রেপ্তার

ধুলিয়ান : গত ২৭ জুলাই সামসেরগঞ্জ থানার ওসি শিবপদ সরকার সুলিতলা গ্রামের পাল্লু সেখের বাড়ীতে হানা দিয়ে দশটি বোমা ও কয়েকটি ধারালো অস্ত্র উদ্ধার করেন। জানা যায় পাল্লু সেখ দুর্গাপুর ষ্টেট বাসের ছিনতাই এর ঘটনায় শাস্তি পেয়ে জেলে ছিল এবং কয়েকদিন আগে ছাড়া পেয়ে বাড়ী আসে। সামসেরগঞ্জ থানা গোপন সূত্রে খবর পায় পাল্লু বড় ধরনের এক ডাকাতির পরিকল্পনা করছে। সেই পরিপ্রেক্ষিতেই তার বাড়ীতে পুলিশ হানা দেয়। পাল্লু ধরা পড়ে আর দু'জন দুর্বৃত্ত মরফুল সেখ ও আবদুল লতিফের নাম করলে ওই দু'জনকেও ওসি গ্রেপ্তার করেন।

কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন?


বাড়ী করার জন্য লোন চান? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান? সত্বর যোগাযোগ করুন।

দিলসন্‌স্ মিউচুয়ালাইজার
DILSONS MUTUALISER


শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫

বিঃ দ্রঃ ধুলিয়ান শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই

টাইটান কোয়ার্টজ টাটার অবদান



আর্ন্তজাতিক কোয়ার্টজ ঘড়ি-র অনুপম সম্ভার



২ বছরের গ্যারান্টী সহ,

মূল্য ৩৯৭ টাকা থেকে ১৮১৭ টাকা

অনুমোদিত ডিলার :-
সাহা ওয়াচ কোম্পানী
ফুলতলা মোড়, রঘুনাথ গঞ্জ, মুর্শিদাবাদ

OAKiii

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে
অচ্যুতম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত